# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 27 April, 2025

চাকরিপ্রত্যাশীদের টানা আন্দোলনের মুখে অবশেষে স্থগিত করা হয়েছে ৪৬তম বিসিএসের লিখিত পরীক্ষা।আগামী ৮ মে থেকে এই পরীক্ষা শুরু হওয়ার কথা থাকলেও, আন্দোলনের প্রেক্ষিতে সরকারি কর্ম কমিশন (পিএসসি) রোববার (২৭ এপ্রিল) এই সিদ্ধান্ত নেয়।রাজধানীর শাহবাগে আন্দোলনরত চাকরিপ্রত্যাশীদের কাছে পিএসসির এক প্রতিনিধি এসে পরীক্ষার স্থগিতের ঘোষণা দেন।

এর আগে, পিএসসি সংস্কারসহ আট দফা দাবিতে সকাল থেকে শাহবাগ মোড় অবরোধ করেন চাকরিপ্রত্যাশীরা।অবরোধের কারণে ওই এলাকায় যান চলাচল সম্পূর্ণ বন্ধ হয়ে পড়ে।

এদিকে, পিএসসি সংস্কারের দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) রাজু ভাস্কর্যের সামনে চলমান অনশনও ৮০ ঘণ্টা পর ভাঙেন শিক্ষার্থীরা। আন্দোলনের উপদেষ্টা আসিফ মাহমুদের মধ্যস্থতায় অনশনকারীরা তাদের কর্মসূচি প্রত্যাহার করেন।বিষয়টি উপদেষ্টার ভেরিফাইড ফেসবুক পেজে নিশ্চিত করা হয়েছে।

চাকরিপ্রত্যাশীরা জানান, দাবি আদায়ে সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুস্পষ্ট ঘোষণা না আসা পর্যন্ত তারা শান্তিপূর্ণ আন্দোলন চালিয়ে যাবেন।

বিসিএস পরীক্ষা রাজধানী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:38

URL: https://www.timestodaybd.com/public/national/7758071543